

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নম্বর-২৫৬-আইন/২০২৪।—গুড়, ইক্ষু, চিনি বা চিনিজাত দ্রব্য (উৎপাদন ও স্থানান্তর) নিয়ন্ত্রণ আদেশ, ২০০৬ এর অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, এই প্রজ্ঞাপন কার্যকর হইবার তারিখ হইতে ৩১ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত সময়কে সকল ইক্ষু এলাকার জন্য, ইক্ষু মাড়াই ও চিনি উৎপাদনের মেয়াদ হিসাবে নির্ধারণ করিল এবং নির্ধারিত মেয়াদে চিনিকল কর্তৃপক্ষ ব্যতীত অন্য কোনো ব্যক্তি কোনো ইক্ষু এলাকায় গুড়, চিনি বা চিনিজাত দ্রব্য উৎপাদন করিতে পারিবেন না।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা বেগম পারুল
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২০৮৩৯)

মূল্য : টাকা ৪.০০